

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর  
ঢাকা-১২০৭।  
www.bpsc.gov.bd

৮০.০০.০০২৬.৩০১(গোপনীয়).১৭.০০১.১৭-৮৫

তারিখ : ৩০.০৩.২০১৭।

বিজ্ঞপ্তি

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের “সহকারী প্রকৌশলী (পুর)” এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের “সহকারী পরিচালক” (১ম শ্রেণি) পদের নিয়োগ পরীক্ষার ফলাফল প্রকাশ।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের “সহকারী প্রকৌশলী (পুর)” এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের “সহকারী পরিচালক” (১ম শ্রেণি) পদে নিয়োগের জন্য নিম্নে উল্লেখিত রেজিঃ নম্বরধারী প্রার্থীদের বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক সাময়িকভাবে (Provisionally) নির্বাচন করা হয়েছে :

(ক) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের “সহকারী প্রকৌশলী (পুর)” (১ম শ্রেণি):

রেজিঃ নং ০০০০৯৩, ০০০২৩১, ০০০২৩৪, ০০০৬৪৩, ০০১৩৯৫, ০০০৯৫৪ ও ৪০০৯৮০ = ০৭ জন।

(খ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের “সহকারী পরিচালক” (১ম শ্রেণি) :

রেজিঃ নং ৬৬৬৭৯৯ ও ২৬৩৪৯৪ = ০২ জন।

প্রশাসনিক ও তথ্য বিভাগজনিত কারণে রেজিঃ নং ৬৬৬৬১৭ এর ফলাফল আপাততঃ স্থগিত।

২. সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীকালে যে কোনো সময়ে কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোনো গুরুতর (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩. মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই এর পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় নিয়োগ প্রদান করবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের জন্য প্রযোজ্য সনদ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিয়োগের পূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে যাচাই বাছাইপূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন। সুপারিশকৃত প্রার্থীদের সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৪. প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে।

৩০.০৩.২০১৭.  
(শেখ শাখাওয়াৎ হোসেন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)  
(যুগ্ম-সচিব)